

১.ঝরা পাতার কান্না

সে অপাড়া নহি পারাপার

নহি তার ঠিকানা;

জাগে শুধু ব্যাথা বুকে বুকে

নহি হলো আজও জানাজানি,

হলো না সে প্রেম কথা মুখে মুখে

বাজে শুধু বুকে বেদনার বীনাপানি।

আজ বিদায়ের ক্ষনে

বারে বারে মনে পড়ে

ফেলে আসা দিনগুলি।

সে চাওয়া-না পাওয়ার মাঝে

বেদনার সুর বাজে,

বড় আশা ছিল, ভালবাসা ছিল ।

হারিয়ে সে রাজা রাখি

বেদনার অশ্রুজলে।

ঝরা পাতা গো

আমি তোমারী দলে,

ভুল করে কভু আসিলে স্বরনে

অমনি তা ভুলে যেও ভুলে।